# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ উদযাপনে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কর্মকাণ্ড

২০২০ সালে দেশব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ উদযাপনের লক্ষ্যে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহনপূর্বক কর্মযজ্ঞ বাস্তবায়ন করে চলেছে। ইউনেস্কোর সাধারণ পরিষদের ৪০তম অধিবেশনে বৈশ্বিকভাবে ‘মুজিববর্ষ’ উদযাপনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ প্রেক্ষিতে, বাংলাদেশ ও ইউনেস্কো যৌথভাবে বিশ্বব্যাপী ‘মুজিব বর্ষ’ উদযাপনে কাজ করে চলেছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমিও মুজিববর্ষ উদযাপনে বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে চলেছে।  মুজিব বর্ষ উদযাপনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক সম্পন্ন এবং চলমান উল্লেখযোগ্য কর্মকাণ্ডসমূহ নিচে সংক্ষেপে উপস্থাপন করা হলো।

<u>বঙ্গবন্ধুর স্মারক বক্তৃতামালা :</u> বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশের বরেণ্য লেখক, গবেষক, বুদ্ধিজীবী ও সাংস্কৃতিক ব্যক্তিত্বদের অংশগ্রহণে বঙ্গবন্ধু স্মারক বক্তৃতামালা আয়োজন করেছে। ইতোমধ্যে ৩০জন গুণী ব্যক্তিত্ব বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা প্রদান করেছেন। বক্তৃতামালার লিখিতরূপ নিয়ে স্মারক প্রকাশনা বের হয়েছে।

<u>বঙ্গবন্ধুর উপর রচিত গ্রন্থের পাঠ পর্যালোচনা :</u> বঙ্গবন্ধুকে নিয়ে রচিত ১০০টি করে ৫টি পর্যায়ে ইতোমধ্যে ৫০৪টি গ্রন্থের পাঠ পর্যালোচনা সম্পন্ন হয়েছে এবং পাঁচ খণ্ডে পাঠ পর্যালোচনা গ্রন্থ প্রকাশিত হয়েছে। এই কর্মসূচিতে ৭০জন লেখক/ গবেষক যুক্ত রয়েছেন। পাঠ পর্যালোচনার মাধ্যমে বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গ্রন্থাবালির উল্লেখযোগ্য বিভিন্ন দিকের পাশাপাশি বিচ্যুতি ও সমালোচনার দিকও উন্মোচিত হয়েছে, যা বঙ্গবন্ধু বিষয়ক চর্চার জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

<u>শত কবিতায় বঙ্গবন্ধু :</u> বঙ্গবন্ধুকে নিয়ে লেখা দেশের বিশিষ্ট কবিদের ১০০টি অপ্রকাশিত কবিতার সংকলন ‘শত কবিতায় বঙ্গবন্ধু’। লিয়াকত আলী লাকী ও কবি রুবি রহমানের সম্পাদনায় বইটি অমর একুশে গ্রন্থমেলা ২০২০ এ প্রকাশিত হয়। মুজিববর্ষের প্রকাশনায় এটি এক অনন্য সংযোজন, এতে বঙ্গবন্ধুর কর্ম, কীর্তি ও সংগ্রামশীল জীবন কবিদের অকৃত্রিম পঙ্‌ক্তিমালায় ফুটে উঠেছে।

<u>শত গানে বঙ্গবন্ধু :</u> বঙ্গবন্ধুকে নিয়ে লেখা দেশের ৭৬জন গীতিকবির ১০০টি নতুন গানের সংকলন ‘শত গানে বঙ্গবন্ধু’। বইটি লিয়াকত আলী লাকীর সম্পাদনায় আগস্ট ২০২০-এ প্রকাশিত হয়। এই গীতিগুচ্ছে গীতিকবিরা তাঁদের অনুপম হৃদয়ানুভূতি দিয়ে বঙ্গবন্ধুকে উপস্থাপন করেছেন।

<u>জন্মশতবর্ষে বঙ্গবন্ধু :</u> ৪০জন প্রাবন্ধিক ও গবেষকের ৪০টি রচনার একটি সংকলন। লিয়াকত আলী লাকী এবং ড. মাসুদুজ্জামানের সম্পাদনায় গ্রন্থটি আগস্ট ২০২১-এ প্রকাশিত হবে। এই রচনাবলির মধ্যে বিচিত্র কর্মযজ্ঞ ও সৃষ্টিশীলতায় লেখকগণ বঙ্গবন্ধুর কর্ম ও ব্যক্তিত্বকে উপস্থাপন করেছেন।

<u>আমার প্রস্তাব আমার প্রত্যয় :</u> মুজিববর্ষের করণীয় সম্পর্কে দেশব্যাপী তথ্য ফরম বিতরণ ও পুরণকৃত ফরম সংগ্রহের মাধমে শিশু-কিশোরসহ সকল বয়সী মানুষের অংশগ্রহণে গবেষণা কার্যক্রম ‘আমার প্রস্তাব আমার প্রত্যয়’। এ

কার্যক্রমের আওতায় এযাবৎ  পাঁচ লক্ষ মানুষের নিকট থেকে প্রস্তাব/ মতামত সংগ্রহ করা হয়েছে। ইতোমধ্যে পাঁচ জন গবেষকের মাধ্যমে তথ্য ফরমসমূহ মূল্যায়ণ করা হয়েছে।

বঙ্গবন্ধুকে উৎসর্গকৃত পুষ্পকানন নির্মাণ : বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশের ৬৪ জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে বঙ্গবন্ধুকে উৎসর্গকৃত পুষ্পকানন নির্মাণ করেছে। এই কর্মসূচি আরম্ভ হয় জেলা শিল্পকলা একাডেমি গোপালগঞ্জ প্রাঙ্গণে শিশুদের অংশগ্রহণে ১০০টি ফুলের চারা রোপনের মাধ্যমে।

শিল্পের আলোয় বঙ্গবন্ধু : অনলাইনে ‘শিল্পের আলোয় বঙ্গবন্ধু’ শীর্ষক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। বৈশ্বিক মহামারীর আবির্ভাবের ফলে প্রত্যক্ষ অনুষ্ঠান আয়োজনে সংকট দেখা দেয়ার ফলে বাংলাদেশ শিল্পকলা একাডেমি অনলাইনে বরেণ্য লেখক-বুদ্ধিজীবী এবং শিল্পীদের অংশগ্রহণে নিয়মিত এ অনুষ্ঠান আয়োজন করছে।

৬৪ জেলায় বঙ্গবন্ধুকে নিয়ে নাটক নির্মাণ : দেশের ৬৪ জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুকে নিয়ে একটি করে নাটক নির্মাণ ও মঞ্চায়ণ কার্যক্রম চলমান রয়েছে। মহামারী করোনা পরিস্থিতির কারণে নাটক নির্মাণ কার্যক্রমে কিছুটা ব্যাহত হলেও ইতোমধ্যে ৫০টি জেলায় নটক মঞ্চায়ণ সম্পন্ন হয়েছে। মুজিববর্ষ সময়কালের মধ্যে বাকি জেলাগুলোতে নাটক মঞ্চায়ণ সম্পন্ন হবে।

একাডেমির লাইব্রেরিতে ‘বঙ্গবন্ধু কর্ণার’ স্থাপন : বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গ্রন্থাবলি সংগ্রহের মাধ্যমে একাডেমির লাইব্রেরিতে ‘বঙ্গবন্ধু কর্ণার’ স্থাপন করা হয়েছে। বর্তমানে বঙ্গবন্ধু কর্ণারে ১৫৫০ (এক হাজার পাঁচশত পঞ্চাশ) টি গ্রন্থ রয়েছে। বঙ্গবন্ধুকে নিয়ে রচিত সকল গ্রন্থ সংগ্রহের লক্ষ্যে একাডেমি কাজ করে চলছে।

কবিতায় বঙ্গবন্ধু : মুজিব বর্ষ উপলক্ষ্যে, একাডেমি কর্তৃক ইত:পূর্বে প্রকাশিত কবিতা সংকলন ‘কবিতায় বঙ্গবন্ধু’ গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়েছে।

দীর্ঘতম ক্যানভাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ : বাংলাদেশে শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় দীর্ঘতম ক্যানভাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ করা হয়েছে। প্রতিকৃতির সাইজ (৪৩ ঢ ৩২)। শিল্পী জামাল আহমেদের নেতৃত্বে এই শিল্পকর্ম  অঙ্কিত হয়।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি (এলবাম) : বাংলাদেশ শিল্পকলা একাডেমির ইত:পূর্বে প্রকাশিত এলবাম ‘হে জ্যোতির্ময়’ এবং ‘হে মহামানব’ এর তৃতীয় পর্ব হিসেবে মুজিব বর্ষে বঙ্গবন্ধুর বিভিন্ন সময়ের আলোকচিত্র নিয়ে ‘হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি’ শীর্ষক আলোকচিত্র এলবাম প্রকাশ করা হয়েছে। এই তিনটি এলবামে বঙ্গবন্ধুর প্রায় সকল আলোকচিত্র ঠাঁই পেয়েছে।

বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের গল্প : বাংলাদেশ শিল্পকলা একাডেমি বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক ৫০টি গল্পে নিয়ে একটি গল্প সংকলন প্রকাশ করতে যাচ্ছে। সংকলনটি সম্পাদনা করছেন গল্পকার মনি হায়দার। বইটি সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে প্রকাশিত হবে।

শতাব্দীর মহানায়ক : ১৭ মার্চ ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মদিনের মূল আয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রায় এক হাজার শিল্পীর অংশগ্রহণে ‘শতাব্দীর মহানায়ক’ শীর্ষক সাংস্কৃতিক পরিবেশনা

উপস্থাপন করে। এই পরিবেশনার মাধ্যমে বঙ্গবন্ধুর শৈশব-কৈশোর থেকে তাঁর রাজনৈতিক জীবন, অর্জন ও আলোকিত অধ্যায়কে তুলে ধরা হয়।

‘বাঙালির মহানায়ক’ শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী আয়োজন : ১৬ – ৩১ আগস্ট ২০২০ একাডেমির জাতীয় চিত্রশালার ১, ২ এবং ৩ নং গ্যালারীতে ‘বাঙালির মহানায়ক’ শীর্ষক শিল্পকর্ম ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এই প্রদর্শনীতে দেশের ১৪০জন বিশিষ্ট শিল্পীর ১৯০টি শিল্পকর্ম এবং বিশিষ্ট আলোকচিত্র শিল্পীদের তোলা বঙ্গবন্ধুর বিভিন্ন সময়ের ২৫০টি আলোকচিত্র প্রদর্শিত হবে।

বঙ্গবন্ধু– জীবন থেকে চিত্রপটে : বাংলাদেশ শিল্পকলা একাডেমি ১০০জন শিল্পীর অংশগ্রহণে বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আত্মজীবনী’ এবং ‘কারাগারের রোজনামচা’ অবলম্বনে ‘বঙ্গবন্ধু : জীবন থেকে চিত্রপটে’ শীর্ষক বঙ্গবন্ধুর জীবনের বর্ণিল ঘটনাপ্রবাহ নিয়ে ১০০টি চিত্রকর্ম নির্মাণ করে।

চিত্রপটে দৃশ্যকাব্যে বঙ্গবন্ধু : বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে ২০জন শিল্পীর অংশগ্রহণে তিন মাসব্যাপী কর্মশালা পরিচালনার মাধ্যমে ১৫০টি চিত্রকর্ম অঙ্কিত হয়। চিত্রকর্মগুলোতে শিল্পীরা জলরঙে বঙ্গবন্ধুর শৈশব-কৈশোর, রাজনৈতিক জীবন, স্বপ্ন, সংগ্রাম এবং প্রত্যাশাকে ফুটিয়ে তুলেছেন। ক্যানভাসে আঁকা এই চিত্রকর্মগুলো বঙ্গবন্ধুর প্রকৃত জীবনকে আমাদের সামনে শিল্পের নান্দনিক আলোয় প্রতিভাত করেছে।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য ‘মুজিব চিরন্তন’ শিরোনামে ১৭-২৬ মার্চ ২০২১ জাতীয় প্যারেড গ্রাউন্ডে আয়োজিত অনুষ্ঠানে ১৭ মার্চ উদ্বোধনী আয়োজনে শত শিশুর কণ্ঠে জাতীয় সংগীত; ২১ ও ২২ মার্চ ১৫০০ শিল্পীর অংশগ্রহণে জাতীয় বাস্তবায়ন কমিটির আয়োজনে লিয়াকত আলী লাকী’র পরিকল্পনা ও নির্দেশনায় যথাক্রমে ধ্বংসস্তুপে জীবনের গান ও বাংলার মাটি আমার মাটি শিরোনামে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।